

Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 07 April, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) হযরত বিবি খাদিজা হলের নতুন প্রভোস্ট হিসেবে নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ।

সোমবার (৭ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এই নিয়োগ অধ্যাপক ড. কাইয়ুম মাসুদ তার বর্তমান দায়িত্বের পাশাপাশি করবেন নিয়োগের পর, তিনি বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক ভাতা ও সুযোগ-সুবিধা পাবেন। পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত এটি কার্যকর থাকবে।

নতুন দায়িত্ব পেয়ে প্রভোস্ট অধ্যাপক ড. আবদুল কাইয়ুম মাসুদ বিশ্ববিদ্যালয় প্রশাসন ও সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, "হল প্রশাসনের মতো একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনে বিশ্ববিদ্যালয় পরিবার ও প্রশাসনের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করছি।"

এমন দায়িত্ব গ্রহণের জন্য তিনি আনন্দিত এবং তার কাজের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অবদান রাখার আশা ব্যক্ত করেছেন।

প্রভোস্ট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:19

URL: <https://www.timestodaybd.com/campus/456978319>